

## Qualifications, Experience required, and other Information for Recruitment

### Position: Messenger

ইস্টার্ন ইউনিভার্সিটিতে জরুরি ভিত্তিতে কয়েকজন মেসেঞ্জার (Messenger) নিয়োগ করা হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম এসএসসি পাস।

**অভিজ্ঞতা:** শিক্ষা প্রতিষ্ঠানে অভিজ্ঞতাসম্পন্ন এবং এইচএসসি বা সমমান পাস প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

### **মূল দায়িত্বসমূহ**

- প্রতিদিন অফিস প্রদত্ত সময় অনুযায়ী অফিস ও ক্লাস রুম খোলা এবং বন্ধ করা।
- অফিস রুম ও ক্লাস রুম পরিষ্কার-পরিচ্ছন্ন আছে কি না তা নিয়মিত পর্যবেক্ষণ করা।
- ক্লাস শুরুর পূর্বে মাল্টিমিডিয়া ও অন্যান্য ক্লাসরুম সরঞ্জাম ঠিকভাবে কাজ করছে কি না তা যাচাই করা।
- প্রতিটি ক্লাস শুরুর আগে এবং শেষে ক্লাসরুমের হোয়াইটবোর্ড পরিষ্কার রাখা।
- কম্পিউটার ল্যাবের কম্পিউটার এবং অন্যান্য ল্যাব সরঞ্জাম ব্যবহারের উপযোগী আছে কি না তা নিশ্চিত করা।
- বিশ্ববিদ্যালয়ের যেকোনো প্রোগ্রাম আয়োজনের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা।
- অফিসের সকল ফাইল ও নথিপত্র সঠিকভাবে সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করা।
- নিজ দায়িত্বে থাকা স্থানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন ও সুশৃঙ্খল আছে কি না তা নিশ্চিত করা এবং প্রয়োজনীয় রিপোর্ট প্রদান করা।
- অফিসের প্রয়োজন অনুযায়ী অন্যান্য নির্দেশনা যথাযথভাবে পালন করা।
- অফিস সময় শেষে সকল বৈদ্যুতিক সরঞ্জাম (এসি, ইউপিএস, লাইট, প্রিন্টার ইত্যাদি) বন্ধ রাখা।
- উপরোক্ত নির্দেশনার পাশাপাশি কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব ও নির্দেশনা পালন করা।

**বয়স সীমা :** বয়স সর্বোচ্চ ২৫ বছর।

**বেতন ও অন্যান্য সুবিধা:** বেতন: ১০,৪০০ টাকা । সাপ্তাহিক ছুটি, প্রভিডেন্ট ফান্ড, উৎসব ভাতা, ও বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধা ।

**আবেদনপত্র প্রাপ্তির ঠিকানা:** <https://www.easternuni.edu.bd/career>

**আবেদন প্রক্রিয়া:** আগ্রহী প্রার্থীদের ইস্টার্ন ইউনিভার্সিটির নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ, ভোটার আইডি কার্ড/ জন্মসনদ ও অভিজ্ঞতার সনদপত্রের (যদি থাকে) ফটোকপি এবং পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

### **আবেদনকারীর জন্য নির্দেশাবলী**

- আবেদনকারীদের থেকে শুধু বাছাই করা প্রার্থীদের লিখিত ও সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।
- বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফর্মে আবেদন না করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হতে পারে।
- খামের উপর পদের নাম "Messenger" উল্লেখ করতে হবে।

### **আবেদনপত্র পাঠানোর ঠিকানা:**

- **মানবসম্পদ বিভাগ**, ইস্টার্ন ইউনিভার্সিটি, আশুলিয়া মডেল টাউন, ঢাকা ।
- এছাড়া ই-মেইলের মাধ্যমে নির্ধারিত ফর্মে আবেদনপত্র পাঠাতে পারবেন। ই-মেইল: [jobs@easternuni.edu.bd](mailto:jobs@easternuni.edu.bd)